# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) চা-বাগানের শ্রমিকদের জমির অধিকার প্রদান সম্পর্কীত একটি বিল আজ রাজ্য বিধানসভায় গৃহিত ।

২) রাজ্যে নতুন করে আরো ১৩টি মেডিক্যাল কলেজের পরিকাঠামো নির্মানের কাজ হাতে নেওয়া হয়েছে এবং হাইলাকান্দি মেডিক্যাল কলেজের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু হয়েছে বলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী অশোক সিংহলের প্রকাশ ।

৩) মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ হওয়া ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে ৩শো টাকা করে বৃত্তি প্রদানের ব্যবস্থা আজ থেকে আনুষ্ঠানিকভাবে আরম্ভ ।

এবং

৪) অভিযুক্তদের রেটিনা স্কেন করে বিজ্ঞানসম্মতভাবে অপরাধী সনাক্তকরণের জন্য আসাম পুলিশের অভিনব ব্যবস্থা গ্রহণ ।

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভায় আজ চা-বাগানের শ্রমিকদের জমির অধিকার প্রদান সম্পর্কীত একটি বিল গৃহিত হয়েছে । জমির উর্দ্ধসীমা নির্ধারণ এবং স্বত্ব প্রদান সংশোধনী বিল ২০২৫ শীর্ষক এই বিলের মাধ্যমে বাগানের শ্রমিকদের জমির অধিকার প্রদান করার ব্যবস্থা করা হবে । এর ফলে ৩ লক্ষ ৩৩ হাজারের অধিক জমি স্বত্বহীন চা-বাগানের শ্রমিক জমির অধিকার লাভ করবে । তবে এই সংশোধনী বিলে যাসব শ্রমিক কৃষি কার্যের সঙ্গে যুক্ত তাদের অর্ন্তভুক্ত করা হয় নি । বর্তমানে চা-বাগানে কর্মরত শ্রমিকরা স্পষ্ট আইনী অধিকার অথবা আইনী অধিকার ছাড়াই জমি দখল করে রয়েছেন । এই নতুন ব্যবস্থা তাদের স্থানীয় ভাবে জমির বন্দনস্ত করতে সহায়তা করবে । এর ফলে স্থায়ীভাবে গৃহ নির্মান করা সহ জমি সম্পর্কীত তাদের অসুরক্ষিত মনোভাব হ্রাস পাবে

। আজ বিধানসভায় এই বিলটি নিয়ে আলোচনার সময় মুখ্যমন্ত্রী বিষয়টি স্পষ্ট করে দেন , তিনি বলেন যে জমির পাট্টা লাভ করার পর চা-বাগানের শ্রমিকরা ওই জমি আগামী ২০ বছর পর্যন্ত বিক্রী করতে পারবেন না । ২০ বছর পর জমি বিক্রী করলেও ওই জমি শুধুমাত্র বাগান শ্রমিকের কাছেই বিক্রী করতে পাবেন বলে তিনি জানান ।উল্লেখ্য যে সরকারী তথ্য অনুসারে রাজ্যের ৮শো ২৫টি চা-বাগান অঞ্চলে ২ লক্ষ ১৮ হাজার ৫শো ৫৩ বিঘার অধিক জমিতে চা-শ্রমিকরা বসবাস করছেন ।

(বাইট - মুখ্যমন্ত্রী )

---

রাজ্যে বর্তমানে ১৪টি মেডিক্যাল কলেজ চিকিৎসা প্রদান করা সহ ছাত্র-ছাত্রীদের নিয়মিত পাঠদান করা হচ্ছে । বিধানসভায় আজ বিধায়ক আব্দুল কালাম রসিদ আলমের এই মর্মে উত্থাপিত একটি লিখিত প্রশ্নের উত্তরে স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের মন্ত্রী অশোক সিংহল এ কথা জানিয়ে বলেন যে নতুন ভাবে আরো ১৩টি চিকিৎসা মহাবিদ্যালয়ের নির্মান কার্য হাতে নেওয়া হয়েছে । এরমধ্যে বঙ্গাইগাও চিকিৎসা মহাবিদ্যালয় , বিশ্বনাথ চিকিৎসা মহাবিদ্যালয় , চড়াইদেউ চিকিৎসা মহাবিদ্যালয় এবং তামুলপুর চিকিৎসা মহাবিদ্যালয়ের নির্মান কার্য প্রায় সম্পূর্ণ হয়েছে বলে তিনি বিধানসভায় জানান । মন্ত্রী শ্রী সিংহল আরো জানান যে হাইলাকান্দি এবং হোজাই চিকিৎসা মহাবিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ প্রক্রিয়া ইতিমধ্যি শুরু করা হয়েছে । আশা কর্মীদের পরিতোষক সম্পর্কে উত্থাপিত এক প্রশ্নের উত্তরে শ্রী সিংহল জানান যে রাজ্যে বর্তমানে ৩৩ হাজার ৪শো ২১ জন আশা কর্মী মাসিক পরিতোষক লাভ করছেন ।

এদিকে মিশন বসুন্ধরার মাধ্যমে জমির পাট্টা প্রদান সম্পর্কে বিধায়ক রামেন্দ্র নারায়ন কলিতার এক প্রশ্নের উত্তরে রাজস্ব ও দুর্যোগ মোকাবিলা বিভাগের মন্ত্রী কেশব মহন্ত জানান যে এই প্রকল্পের মাধ্যমে এ পর্যন্ত রাজ্যের ৩ লক্ষ ৩ হাজার ৯শো ২৫টি পরিবারকে জমির পাট্টা প্রদান করা হয়েছে । তিনি বলেন যে কামরূপ মহানগর জেলা আয়ুক্ত থেকে প্রাপ্ত তথ্য অনুসারে গৌহাটি মহানগরীতে ১ হাজার ১২টি পরিবারকে জমির পাট্টা প্রদান করা হয়েছে । তিনি আরো জানান যে গৌহাটি মহানগরীর পার্বত্য জমিতে বহু বছর ধরে বসবাস করা উপজাতী সম্প্রদায়ের পরিবারগুলিকে বন অধিকার আইন ২০০৬ অনুসারে জমির পাট্টা প্রদান করার ব্যবস্থা করা হয়েছে এবং ইতিমধ্যেই ৯২টি উপজাতি পরিবার এই জমির পাট্টা লাভ করেছে ।

---

মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ হওয়া ছাত্র-ছাত্রীদের সুবিধার্থে ৩শো টাকা করে বৃত্তি প্রদানের ব্যবস্থা আজ থেকে আনুষ্ঠানিকভাবে আরম্ভ হয়েছে । এই উপলক্ষে পাঞ্জাবারীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এবং শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু উপস্থিত ছিলেন । চলতি মাস থেকে আগামী চার মাস পর্যন্ত দশম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা এই বৃত্তি লাভ করবে । ছাত্র-ছাত্রদের আত্মবিশ্বাস এবং মনোবল বৃদ্ধি করা সহ তাদের অধ্যয়নের সামগ্রী তথা পুষ্টিকর খাদ্য ক্রয় করার সহায়তার জন্যই প্রেরণা শীর্ষক বৃত্তি প্রদানের ব্যবস্থা করা হয়েছে । এর মাধ্যমে রাজ্যের ৪ লক্ষ ৪০ হাজারের অধিক ছাত্র-ছাত্রী উপকৃত হবে বলে আশা করা হচ্ছে । অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে রাজ্যে সম্প্রতি শিক্ষা ব্যবস্থা যথেষ্ট উন্নত হয়েছে এবং ছাত্র-ছাত্রীদের উপযুক্ত শিক্ষা গ্রহণের জন্য একটি পরিকাঠামো গড়ে তোলা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে নিজের মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে অনুষ্ঠানের ১২৮ তম পর্ব । জনসাধারন ১৮০০ ১১ ৭৮০০ শুল্কবিহীন নম্বরে ফোন করে এই অনুষ্ঠানের জন্য নিজের মতামত এবং পরামর্শ প্রেরণ করতে পারবেন । নমো অ্যাপ অথবা মাই গভ মুক্ত মঞ্চ অথবা ১৯২২ নম্বরে মিসডকল দেবার পর লাভ করা লিঙ্কের মাধ্যমেও জনসাধারণ আজ মধ্যরাত পর্যন্ত পরামর্শ প্রদান করতে পারবেন ।

---------------------------------------------------------------------------------------

ভারত শান্তি ও আলোচনায় বিশ্বাসী হলেও দেশের সার্বভৌমত্ব ও জনসাধারণের নিরাপত্তার বিষয়ে কখনও আপোষ করবে না । নতুন দিল্লীতে অনুষ্ঠিত চাণক্য প্রতিরক্ষা আলোচনায় অংশগ্রহণ কর প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ একথা বলেন । শ্রী সিং বলেন যে ভারতের প্রতিরক্ষা বাহিনী সংযম ও দৃঢ়তার মাধ্যমে পার্শ্ববর্তী দেশগুলি থেকে আসা প্রত্যাহ্বান সাহসের সঙ্গে মোকাবিলা করছে এবং আঞ্চলিক সুস্থিরতা স্থাপনে বিশেষ উৎসাহ প্রদান করছে । তিনি আরো বলেন যে ভবিষ্যতে সকল প্রত্যাহ্বানের ক্ষেত্রে সাহসের সঙ্গে লড়াই করতে  দেশের প্রতিরক্ষা বাহিনীকে সরকার সবধরণের সুবিধা প্রদান করছে । দেশের প্রতিরক্ষা মন্ত্রণালয় ভবিষ্যতের প্রতিটি প্রত্যাহ্বান সাহসের সঙ্গে মোকাবিলা করতে  দেশের প্রতিরক্ষা বাহনীকে প্রস্তুত করে রাখার কথাও প্রতিরক্ষা মন্ত্রী উল্লেখ করেন । সেইসঙ্গে তিনি বলেন যে সরকার নিরাপত্তা ও যোগাযোগ উভয় বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করে সীমান্ত ও সামুদ্রিক অঞ্চলে পরিকাঠামো বৃদ্ধি করেছে । সুরক্ষিত ভারত ছাড়া বিকশিত ভারতের স্বপ্ন সম্ভব নয় এবং শক্তিশালী ভারত ছাড়া

সুরক্ষিত ভারতের স্বপ্ন অসম্ভব বলেও শ্রী সিং মন্তব্য করেন । উল্লেখ্য রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মূ দুদিনের এই সম্মেলনের গতকাল উদ্বোধন করেন । এই সম্মেলনে জাতীয় ও আর্ন্তজাতিক বিশেষজ্ঞরা প্রতিরক্ষা সংস্কারের ক্ষেত্রে আলোচনা করা সহ প্রযুক্তিগত পরিবর্তন ,সামরিক ও অসামরিক লোকেদের মধ্যে একথা ও ২০৪৭ সালে বিকশিত ভারত সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

বিজ্ঞান সম্মতভাবে অপরাধী শনাক্তকরণের ক্ষেত্রে আসাম পুলিশ বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছে । দেশের মধ্যে প্রথমবারের জন্য আসামে স্থাপন করা মেসারমেন্ট কালেকশন ইউনিট ( এম সি ইউ ) তে ডি এন এর নমুনা সংগ্রহ করে সংরক্ষণের ব্যাবস্থা করা হয়েছে । উলুবারীর অপরাধ অনুসন্ধান বিভাগের কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আজ পুলিশের বিশেষ সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তা একথা জানান । তিনি বলেন যে কেন্দ্রীয় সরকারের ২০২২ সালে চালু করা অপরাধী শণাক্তকরণ পদ্ধতি আইনটির সম্প্রসারণ করা হয়েছে । এই নতুন ব্যাবস্থা অনুসারে অপরাধীর চোখের রেটিনা স্ক্যান করা যাবে । রাজ্যের প্রতিটি জেলা সদরে ন্যাশনেল ক্রাইম রেকর্ড ব্যুরোর সহযোগীতায় একটি করে এম সি ইউ স্থাপন করা হবে বলেও শ্রী গুপ্তা জানান ।

---------------------------------------------------------------------------------------------

আগামী দুসরা ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত ডুবাইতে অনুষ্ঠেয় আর্ন্তজাতিক পুরুষ বক্সিং প্রতিযিগিতায় আসামের আকাশ কাছারী ভারতীয় দলে স্থান লাভ করেছে । এন আই এস প্রশিক্ষক তথা আসাম এ্যামেচার বক্সিং ফেডারেশনের সাধারণ সম্পাদক সন্দীপ সন্দিকৈ এই দলের ম্যানাজার হিসেবে কার্যনির্বাহ করবেন । নির্বাচিত এই দলটি আগামী রবিবার ডুবাইর উদ্দেশ্যে রওয়ানা দেবে ।

---------------------------------------------------------------------------------------------

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস আজ আসাম বিধানসভার শীতকালীন অধিবেশন চলাকালীন সময়ে গৃহ বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী রূপেশ গোয়ালার সাথে সাক্ষাৎ করে ধলাই-র উন্নয়নে একটি স্মারক পত্র তুলে দিয়েছেন । স্মারক পত্রে তিনি পালংঘাট ফাড়িকে থানায় উন্নিত করা এবং নরসিংপুরে একটি পুলিশ ফাড়ি স্থাপন করার জন্য মন্ত্রীর কাছে দাবী জানিয়েছেন । মন্ত্রী শ্রীগোয়ালা বিধায়কের এই দাবীগুলি বিবেচনা করবেন বলে আশ্বাস দিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার খাদ্য ,গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে এখন থেকে জেলার সব হোটেল, রেষ্টুরেন্ট ও অনুরূপ প্রতিষ্ঠানে

গ্রাহকদের জন্য প্রদান করা পানীয় জলের গুনগত মান জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগ বা বিভাগের অনুমোদিত ল্যাবরেটরি থেকে পরীক্ষা করানোর নির্দেশ দিয়েছেন । এতে প্রতিষ্টানগুলিকে প্রতিমাসে পানীয় জলের বি আই এস স্ট্যান্ডার্ড অনুসারে ফিজিক্যাল , ক্যামিকেল ও মাইক্রো বায়োলজিকেল পরিমাপ যাচাইর আওতায় থাকতে হবে । পাশাপাশি প্রতিমাসের ১০ তারিখের মধ্যে পরীক্ষার রির্পোট জেলা স্বাস্থ্য আধিকারীক, পৌরসভা বা স্থানীয় লাইসেন্স প্রাদনকারী কর্তৃপক্ষের কাছে জমা দিতে হবে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে জনস্বাস্থ্য আইন , খাদ্য সুরক্ষা ও গুনগতমান আইনের অধীনে ব্যবস্থা গ্রহন করা হবে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে লক্ষীরবন্দ বাইপাস এলাকায় বিশেষ অভিযান চালিয়ে একটি ট্রাক থেকে ৬০ কিলোগ্রাম ওজনের গাঁজা উদ্ধার করেছে । জেলার অতিরিক্ত পুলিশ সুপার সমীর দপ্তর বরুয়ার নেতৃত্বে পরিচালিত এই অভিযানে সি আর পি এফের ১৪৭ নম্বর ব্যাটেলিয়নের জওয়ানরাও সক্রিয়ভাবে অংশ নেন । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে আব্দুল্লা মাঝারভুইয়া এবং দিলোয়ার হোসেন মাঝারভুইয়া নামের দুই ব্যাক্তিকে আটক করা হয়েছে । মাদক চক্রের বিরুদ্ধে এই অভিযান আরো জোরদার করা হবে পুলিশ জানিয়েছে।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম থানার অধীন ঠান্ডাপুরের গ্যামন সেতুর পাশে আজ সকালে একটি শিশুর পরিত্যক্ত মৃতদেহ উদ্ধার করা হয়েছে । সেতুর পাশে গার্ডওয়ালে ফেলে রাখা অবস্থায় প্রায় তিন থেকে চার মাস বয়সের শিশুটিকে প্রথমে স্থানীয় লোকেরা দেখতে পেয়ে পুলিশে খবর দেন । পুলিশ ঘটনাস্থলে পৌছে শিশুটির মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য হাইলাকান্দি সিভিল হাসপাতালে প্রেরণ করেছে ।

--------------------------------------------------------------------------------